

দিনাজপুরের প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে তালা ঝুলিয়েছে শিক্ষার্থীরা ভিসিসহ শিক্ষক, কর্মকর্তা অবরুদ্ধ

দিনাজপুর রিপোর্টার

বিবিএ অনুষ্ঠানে গুরুত্বপূর্ণ বিষয়সমূহ চাপুর দাবিতে গতকাল মঙ্গলবার দিনাজপুরের হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে তালা ঝুলিয়ে দিয়েছে ওই অনুষ্ঠানের ছাত্র-

হাজীরা। ফলে ভাইস চ্যান্সেলরসহ সকল শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী অবরুদ্ধ হয়ে পড়েছে।

আন্দোলনরত বিবিএ অনুষ্ঠানের লেভেল-৪ এর শিক্ষার্থী রাজেশ বিশ্বাস জানান, অন্যান্য বিশ্ববিদ্যালয়ে বিবিএ ডিগ্রিতে গুরুত্বপূর্ণ বিষয় হিসেবে একাউন্টস, ম্যানেজমেন্ট, ব্যাংকিংসহ বিভিন্ন ধরনের বিষয় থাকলেও হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে এসব নেই। এসব বিষয় চাপুর দাবিতে শিক্ষার্থীরা দীর্ঘদিন ধরে আন্দোলন করে আসছে। কিন্তু কর্তৃপক্ষ এ ব্যাপারে কোন পদক্ষেপ নিচ্ছে না। এই দাবিতে শিক্ষার্থীরা দুপুর থেকেই ক্যাম্পাসে বিকোভ মিছিল বের করে। এরপর বিকাল ৩টা থেকে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের ৩টি প্রধান গেটে তালা ঝুলিয়ে দেয়।

এ ব্যাপারে হাবিপ্রবি'র ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এম আফজাল হোসেন জানান, উল্লেখিত বিষয়গুলো চাপুর ব্যাপারে... পৃষ্ঠা ২ কলাম ৩



দিনাজপুর : হাজী দানেশ বিশ্ববিদ্যালয়ের বিবিএ অনুষ্ঠানে গুরুত্বপূর্ণ বিষয়সমূহ চাপুর দাবিতে গতকাল ডিসিকে অবরুদ্ধ করে প্রশাসনিক ভবনের সামনে বিকোভ মিছিল

দিনাজপুরের প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে

২৪ পৃষ্ঠার পর

একটি উচ্চ কর্মতাসম্পন্ন কমিটি গঠন করে দেয়া হয়েছে। এই কমিটিকে ১৫ দিনের মধ্যে রিপোর্ট দিতে বলা হয়েছে। কমিটির রিপোর্ট পেলেই তিনি এ ব্যাপারে সিদ্ধান্ত নেন বলে জানান।